প্রথম আলো

তারিখ 8 FEB 2009
পৃষ্ঠা ২১ কলাম ২

নিজের বইয়ের প্রকাশনা অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

# শিক্ষা উপকরণের দাম কমানোর লক্ষ্যে সরকার নানা পদক্ষেপ নিয়েছে

নিজস্ব প্রতিবেদক ●

বইমেলার আগামী প্রকাশনীর সামনে ছোট একটা জটলা লক্ষ করা গেল। জটলা নয়, আড্ডাই বলা ভালো। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত ওই আড্ডার মধ্যমণি। মন্ত্রীকে কাছে পেয়ে অনেকেই আড্ডায় মেতে উঠেছেন। বইমেলা নিয়ে তাঁরা নানা প্রসঙ্গে কথা বলছেন। কথাবার্তা শুনে মনে হলো, মেলার সার্বিক আয়োজনে তাঁরা তৃপ্ত নন। অর্থমন্ত্রী মনোযোগ দিয়ে শুনলেন তাঁদের অভিযোগ। আর এরই ফাঁকে তিনি কিনলেন নুরুল ইসলাম নাহিদের বই *শিক্ষানীতি ও অন্যান্য প্রসঙ্গ*।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের শিক্ষাবিষয়ক বই *শিক্ষানীতি ও অন্যান্য প্রসঙ্গ* প্রকাশিত হয় গতকাল শনিবার। প্রকাশক আগামী প্রকাশনী। বইটির প্রকাশনা উপলক্ষে গতকাল মেলার নজরুল মঞ্চে হয় মোড়ক উন্মোচন।

মোড়ক উন্মোচন করে জাতীয় অধ্যাপক কবীর চৌধুরী বলেন, 'আমাদের শিক্ষাক্ষেত্রে দীর্ঘদিন ধরে নানা অরাজকতা চলছে। নুরুল ইসলাম নাহিদ ওই অরাজকতা চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেওয়ার প্রয়োজনীয় কাজটাই করেছেন।'

আবুল মাল আবদুল মুহিত বলেন, শিক্ষা সম্পর্কিত নানা বিষয় বইটিতে তুলে ধরা হয়েছে।

নুরুল ইসলাম নাহিদ বলেন, 'আমি আর কী বলব? আমার কথা আমার বইয়ে বলা হয়েছে। শিক্ষাবিষয়ক আমার নানা অভিজ্ঞতার কথা বইটিতে সন্নিবেশিত হলো।'

লেখক মুহাম্মদ জাফর ইকবাল বলেন, নুরুল ইসলাম নাহিদ শিক্ষানুরাগী মানুষ। শিক্ষা নিয়ে তাঁর ভাবনা-চিন্তা বইটিতে প্রতিফলিত হয়েছে।

আগামী প্রকাশনীর স্বত্বাধিকারী ওসমান গনির পরিচালনায় অনুষ্ঠানে আলোচনা করেন নাট্যজন রামেন্দু মজুমদার, বাংলা একাডেমীর মহাপরিচালক সৈয়দ মোহাম্মদ শাহেদ, ড. ইয়াসমীন হক প্রমুখ। অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, শিক্ষা উপকরণের দাম এখনো বেশ চড়া। শিক্ষাসহ নিত্যপ্রয়োজনীয় বিভিন্ন উপকরণের দাম কমানোর লক্ষ্যে সরকার পদক্ষেপ গ্রহণ করেছে।

পরে শিক্ষামন্ত্রী আগামীর স্টলে বেশ কিছু সময় কাটান। পাঠকদের নিজের লেখা বইয়ে অটোগ্রাফও দেন তিনি।